

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৬(আগরতলা, ১১।৫)

সোনামুড়া, ১১ মে, ২০১৮

সোনামুড়ায় রবীন্দ্র জয়ন্তীর দুই দিনের অনুষ্ঠানের সমাপ্তি

১৫৭তম রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে মেলাঘরে অনুষ্ঠিত হয় দুইদিন ব্যাপী মনোজ্ঞ সাংস্কৃতিক উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়। গতকাল এই উৎসবের শেষ দিনে মেলাঘর টাউন হলে আয়োজিত হয় রবীন্দ্রনাথ ও ত্রিপুরা বিষয়ে কুইজ প্রতিযোগিতা এবং আমন্ত্রিত শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অভিজিৎ দাস, সমাজসেবী হরেকৃষ্ণ দাস, বিশ্বজিৎ দাস, সুব্রত চক্রবর্তী, দীপক চক্রবর্তী, ঝাটন রায় প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সমাজসেবী প্রতিমা ভৌমিক আলোচনায় বলেন, রবীন্দ্রনাথের সঙ্গে ত্রিপুরার ছিল আত্মিক সম্পর্ক। ত্রিপুরার রাজ পরিবার থেকেই রবীন্দ্রনাথকে প্রথম কবি হিসেবে স্বীকৃতি দেয়া হয়। তিনি বলেন, আমাদের রাজ্যে সংস্কৃতির এক সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে। রাজ পরিবার ও রবীন্দ্রনাথ থেকে আমরা যে সংস্কৃতির উত্তরাধিকার পেয়েছি তাকে আরো সমৃদ্ধ করে তোলার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।
